Australian Government
Department of Home Affairs

# মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন

## সংক্ষিপ্ত বিবরণ

সমুদ্রপথে অস্ট্রেলিয়ায় আসা ভ্রমণকারীদেরকে একটি মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন (MTD) জমা দিতে হবে। অস্ট্রেলিয়ায় আসার উদ্দেশ্যে আপনার জাহাজটিতে উঠার আগে আপনাকে একটি MTD জমা দিতে হবে। জাহাজে উঠার 3 থেকে 10 দিন পূর্বে আপনাকে আপনার MTD জমা দিতে হবে। MTD পূরণ করার সময় আপনাকে যা করতে হবে:

- আপনি অস্ট্রেলিয়ায় থাকাকালীন যোগাযোগের ফোন নম্বর ও ইমেইল ঠিকানা সহ আপনার সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য প্রদান করতে হবে
- আপনার COVID-19 টিকা অবস্থা সম্পর্কে একটি ঘোষণা দিতে হবে
- আপনি অস্ট্রেলিয়া আগমন করার পূর্বে, গত 14 দিনে আপনার আন্তর্জাতিক ভ্রমণের ইতিহাস সম্পর্কে একটি ঘোষণা দিতে হবে
- আপনি কোয়ারেন্টিন ও পরীক্ষার বাধ্যবাধকতা সম্পর্কে অবহিত আছেন এই মর্মে একটি ঘোষণা দিতে হবে, যা, আপনি যে স্টেট বা টেরিটরিতে অবতরণ করেন সেখানে প্রযোজ্য এবং যা পরিপালন না করা হলে জরিমানা প্রযোজ্য হবে।

**দ্রষ্টব্য:** আপনি আপনার MTD পূরণ করার পআগে, অস্ট্রেলিয়ায় ভ্রমণ সম্পর্কিত অন্য সকল পূর্বশর্ত দেখে নিন। ভ্রমণের পূর্বে আপনার যেসকল কাগজপত্রের প্রয়োজন হবে তার একটি তালিকার জন্য, টিকা গ্রহণকারী ভ্রমণকারী এবং টিকা না গ্রহণকারী ভ্রমণকারী-দের জন্য প্রদত্ত তথ্য দেখুন।

সমুদ্রপথে অস্ট্রেলিয়ায় আগমনকারী ভ্রমণকারীদের কোনো ডিজিটাল প্যাসেঞ্জার ডিক্লারেশন (DPD) জমা দেওয়ার প্রয়োজন **নেই।**

MTD হলো শুধুমাত্র সমুদ্রপথে অস্ট্রেলিয়া আগমনকারীদের জন্য। আপনি যদি বিমানে অস্ট্রেলিয়া আসেন, তবে এর পরিবর্তে একটি ডিজিটাল প্যাসেঞ্জার ডিক্লারেশন (DPD) জমা দিন।

## জরিমানা ও বাস্তবায়ন

অস্ট্রেলিয়ায় আসার জন্য জাহাজে আরোহণ করার পূর্বে, আপনাকে অবশ্যই আপনার টিকা গ্রহণের অবস্থা সহ গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করতে মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন (MTD) ব্যবহার করতে হবে। এটি একটি বাস্তবায়নযোগ্য পূর্বশর্ত। যেসকল ব্যক্তি এই চাহিদা পূরণ করতে সক্ষম নন, তারা 30 পেনাল্টি ইউনিট (বর্তমানে $6,660 AUD) দেওয়ানি শাস্তি (জরিমানা) পেতে পারেন। এটি *বায়োসিকিউরিটি অ্যাক্ট 2015 (Biosecurity Act 2015)*-এর অনুচ্ছেদ 46-এ বর্ণিত রয়েছে।

**অস্ট্রেলিয়ান সরকারের কাছে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করা একটি গুরুতর অপরাধ। দোষী সাব্যস্ত হলে সর্বোচ্চ সাজা 12 মাসের কারাবাস।**

গণ স্বাস্থ্য বিষয়ক আদেশ মেনে নেওয়া নিশ্চিত করার জন্য স্টেট ও টেরিটরিগুলোও শাস্তি দিতে পারে। এতে COVID-19-এর পরীক্ষা এবং সেলফ-আইসোলেশন বা কোয়ারেন্টিনের পূর্বশর্ত অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনি প্রবেশ করার পরে জন স্বাস্থ্য সম্পর্কিত আদেশ বা অন্য কোনো পূর্বশর্ত পরিপালন না করলে, আপনাকে কারাদন্ড বা উল্লেখযোগ্য জরিমানা সহ গুরুতর শাস্তি প্রদান করা হতে পারে। শর্তাবলী স্বল্প সময়ের নোটিশে পরিবর্তিত হতে পারে। আরও তথ্যের জন্য স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী দেখুন।

অস্ট্রেলিয়ায় আসা অস্থায়ী ভিসাধারী ব্যক্তিদের ভিসা বাতিল করা হতে পারে, তাদেরকে আটক করা হতে পারে বা দেশ থেকে বের করে দেওয়া হতে পারে, যদি তারা:

- অস্ট্রেলিয়ার সীমান্তে প্রবেশের শর্তাবলী অনুযায়ী আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত না হয়
- অস্ট্রেলিয়ান সরকার কর্তৃক সংজ্ঞায়িত কোনো COVID-19 টিকার বিপরীতে কোনো প্রতিলক্ষণ (Contraindication) না থাকে
- কোনো অব্যাহতিপ্রাপ্ত শ্রেণির মধ্যে না পড়ে বা কোনো ব্যক্তিগত ভ্রমণ অব্যাহতি থাকে।

## আপনার ঘোষণা সম্পন্ন করুন

আপনি MTD অনলাইন ফর্ম ব্যবহার করে আপনার মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন (MTD) পূরণ করতে পারবেন।

আপনাকে একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে যেখানে আপনার বর্তমান ও ভবিষৎ ঘোষণাপত্রগুলো এক জায়গা থেকে পরিচালনা করতে পারবেন।

# আপনার ঘোষণার শুরু

আপনাকে MTD-র জন্য কোনো অর্থ দিতে হবে না - এটি বিনামূল্যে।

আপনি আপনার ঘোষণা শুরু করার পূর্বে, নিম্নলিখিত তথ্যাবলি প্রস্তুত করুন:

- জাহাজের নাম ও ধরন
- প্রস্থান ও আগমনের বন্দর
- বৈধ পাসপোর্ট
- আপনার অস্ট্রেলিয়া আগমনের পূর্বের 14 দিনের মধ্যে আন্তর্জাতিক ভ্রমণ
- কোভিড-19 টিকা গ্রহণের রেকর্ড বা আপনি যে স্বাস্থ্যগত কারণে টিকা গ্রহণে সক্ষম নন সে বিষয়ে গ্রহণযোগ্য প্রমাণ।

প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তি তাদের নিজ নিজ ঘোষণাপত্র নিজেরাই পূরণ করবেন। 15 বছরের কম বয়সী শিশুদের ঘোষণাপত্রটি পিতামাতারা পূরণ করবেন। আপনি আপনার পূর্ণাঙ্গ ঘোষণা সহ একটি ইমেইল পাবেন, যা আপনি প্রিন্ট বা ডাউনলোড করতে পারবেন।

## রাউন্ড ট্রিপ ক্রুজ

যদি কোনো রাউন্ড ট্রিপ ক্রুজ অস্ট্রেলিয়ায় শুরু ও শেষ হয়, তবে ভ্রমণকারী ও ক্রুদের মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন (MTD) পূরণ করার প্রয়োজন নেই, যদি তারা সমুদ্রযাত্রার শুরুতে জাহাজে যোগ দিয়ে থাকেন। এতে অভ্যন্তরীণ ক্রুজ এবং অস্ট্রেলিয়ায় শুরু ও শেষ হওয়া আন্তর্জাতিক ক্রুজগুলো অন্তর্ভুক্ত।

আপনি যদি বিদেশী কোনো বন্দর থেকে রাউন্ড ট্রিপ ক্রুজে যোগ দিয়ে থাকেন, তবে সমুদ্র ভ্রমণে যোগ দেওয়ার পূর্বে আপনাকে MTD পূরণ করতে হবে।

## সমুদ্রপথের ক্রুদের জন্য তথ্য

কোনো ক্রুজ শিপে কাজ করা সমুদ্রপথের ক্রুদেরকে অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে জাহাজে আরোহণের পূর্বে অবশ্যই একটি মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন (MTD) পূরণ করতে হবে। আপনার জাহাজটি যদি অস্ট্রেলিয়া যাওয়ার পথে একাধিক স্থানে বিরতি দেয়, তবে আপনি প্রথম যে বন্দর থেকে প্রস্থান করেছেন তার পূর্বে আপনাকে শুধু একটি MTD সম্পন্ন করতে হবে।

যদি জাহাজের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা জাহাজের ক্রুর কোনো সদস্যের সমুদ্রযাত্রার যাত্রীদের সাথে কোনো ধরনের সরাসরি যোগাযোগ না হয় এবং অস্ট্রেলিয়ার সীমানার ভেতরে যদি তাদের জাহাজ থেকে নামার কোনো ইচ্ছা না থাকে, তবে তাদেরকে MTD জমা দিতে হবে না।

বাণিজ্যিক শিপিং জাহাজের ক্রুদের MTD পূরণ করার প্রয়োজন নেই। বাণিজ্যিক শিপিং জাহাজে থাকা যেকোনো যাত্রীকে MTD পূরণ করতে হবে।

অস্ট্রেলিয়ায় অভ্যন্তরীণভাবে পরিচালনাকারী জাহাজের জন্য MTD সম্পন্ন করার প্রয়োজন নেই।

জাহাজে যোগ দিতে **বিমানযোগে** আসা সকল সমুদ্রপথের ক্রুকে MTD-র পরিবর্তে ডিজিটাল প্যাসেঞ্জার ডিক্লারেশন (DPD) পূরণ করতে হবে। এর কারণ হলো, MTD হলো শুধুমাত্র সমুদ্রপথে অস্ট্রেলিয়া আগমনকারীদের জন্য।

## আপনার মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশনের ফলাফল

পূরণকৃত কোনো মেরিটাইম ট্র্যাভেল ডিক্লারেশন (MTD) অস্ট্রেলিয়ায় আপনার প্রবেশের ব্যাপারে নিশ্চয়তা দেয় না।

আপনি যখন MTD জমা দেন, তখন আপনি একটি ইমেইল পাবেন যা জাহাজে আরোহণের পূর্বে এবং অস্ট্রেলিয়ায় আগমন করার পরে দেখাতে হবে (প্রিন্ট করা বা ইলেকট্রনিক)। আপনি আপনার MTD অ্যাকাউন্টেও এই ফলাফল দেখতে ও ব্যবহার করতে পারবেন।

আপনি জাহাজে আরোহণের পূর্বে জাহাজ পরিচালনাকারীগণ আপনার MTD ফলাফল পর্যালোচনা করবেন। আপনার MTD-তে যেকোনো একটি ফলাফল দেখা যাবে:

- **সবুজ:** আপনার প্রদত্ত তথ্য নির্দেশ করে যে, আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করেন। তখনও আপনাকে চেক-ইনে আপনার কাগজপত্র দেখাতে হবে। আপনার জাহাজে আরোহণ করার জন্য আপনার জাহাজ পরিচালনাকারীগণ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- **নীল:** আপনার প্রদত্ত তথ্য নির্দেশ করে যে, আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করে থাকতে পারে, তবে তা আপনার পরিস্থিতির উপর নির্ভর করে। আপনাকে জাহাজে আরোহণ করতে দেওয়ার পূর্বে জাহাজ পরিচালনাকারীকে কিছু অতিরিক্ত বিষয় পরখ করে দেখতে হতে পারে।
- **সবুজ:** আপনার প্রদত্ত তথ্য নির্দেশ করে যে, আপনি আন্তর্জাতিক ভ্রমণের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ করেন না। ভ্রমণের উপর নিষেধাজ্ঞা থেকে অব্যাহতি ছাড়া আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে পারবেন না। জাহাজ পরিচালনাকারীকে কিছু অতিরিক্ত বিষয় যাচাই করে আপনি জাহাজে আরোহণ করতে পারবেন কি না সে বিষয়টি নির্ধারণ করতে হবে।

আপনি যেসকল স্টেট ও টেরিটরিতে ভ্রমণ বা ট্রানজিট করার পরিকল্পনা করেন, সেগুলোতে ভ্রমণ ও কোয়ারেন্টিন সম্পর্কিত বন্দোবস্ত আপনাকে দেখে নিতে হবে। অস্ট্রেলিয়ার প্রতিটি স্টেট ও টেরিটরির পূর্বশর্তগুলো ভিন্ন। আরও তথ্যের জন্য স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী দেখুন।

## জাহাজ অপারেটরদের জন্য আরও তথ্য

ক্রুজ শিপ অপারেটর, বাণিজ্যিক জাহাজ, সুপারইয়ট, ইয়ট এবং প্লেজার ক্রাফট সহ জাহাজ পরিচালনাকারীগণকে কিছু অতিরিক্ত পূর্বশর্ত সম্পর্কে অবহিত থাকতে হবে। সমুদ্রপথে আগমন ও প্রস্থান দেখুন।

## সহায়তা

যদি আপনার MTD পূরণ করতে সাহায্যের প্রয়োজন হয়, তবে সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন।